দৈনিক বাংলা

046

তারিখ 03 JUL 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# মাদকাসক্তির অভিশাপ সম্পর্কে পাঠ্যবইয়ে তথ্য থাকা উচিত : এরশাদ

কচি কন্ঠের আসরের ও সদস্যদের এক প্রতিনিধিদল গতকাল প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সঙ্গে তার সচিবালয়ে সাক্ষাৎ করে। এ প্রতিনিধি দলের নেতা ছিলেন কচি কন্ঠের আসরের সভাপতি ডঃ মিজানুর রহমান শেলী।

বাসস জানায়, তারা প্রেসিডেন্টকে কচি কন্ঠের আসরের কর্মতৎপরতা ও সাংগঠনিক বিষয় সমূহ সম্পর্কে অবহিত করে।

প্রেসিডেন্ট এরশাদ স্বয়ং এ আসরের প্রধান পৃষ্ঠপোষক। তিনি ধৈর্যসহকারে তাদের বক্তব্য শোনেন এবং তাদের তৎপরতা বাড়ানোর কাজে সম্ভাব্য সকল প্রকার সহযোগিতার আশ্বাস দেন।

তিনি বলেন, শিশুদের সার্বিক কল্যাণে এ প্রতিষ্ঠান দেশব্যাপী আন্দোলন গড়ে তোলার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করতে পারে।

আলোচনাকালে প্রেসিডেন্ট

(৫-এর পৃঃ দ্রঃ)

## মাদকাসক্তির অভিশাপ

(১-এর পৃঃ পর)

তরুণ সম্প্রদায়ের মাদকাসক্তি সমস্যার উল্লেখ করে বলেন, মাদকাসক্তির ভয়াবহ পরিণাম সম্পর্কে তাদের সচেতন করার জন্য স্কুল পাঠ্যসূচীতে মাদক দ্রব্যের কুফল সংক্রান্ত বিভিন্ন তথ্য অন্তর্ভুক্ত থাকবে।

তিনি বলেন, পিতা-মাতাদের জন্যও কিছু তথ্য জানাবার ব্যবস্থা করা উচিত যাতে তারা মাদক দ্রব্য সেবনের লক্ষণ বুঝতে এবং তাদের ছেলেমেয়েদের চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

এ প্রসঙ্গে তিনি প্রস্তাবিত হাসপাতালের কথা উল্লেখ করে বলেন মাদকাসক্তদের চিকিৎসার জন্য তেজগাঁয়ে একটি হাসপাতাল স্থাপন করা হবে।

কচি কন্ঠের আসরের প্রধান উপদেষ্টা স্পীকার শামসুল হুদা চৌধুরীও এ আলোচনার সময় উপস্থিত ছিলেন।

**প্রেসিডেন্ট সকাশে জাপানী রাষ্ট্রদূত**

জাপানের বিদায়ী রাষ্ট্রদূত মিঃ ইয়োশিহেগো তানাকা শনিবার প্রেসিডেন্ট সচিবালয়ে প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সঙ্গে এক বিদায়ী সাক্ষাতে মিলিত হন।

প্রেসিডেন্টের সঙ্গে তিনি কিছু সময় অবস্থান করেন। খবর বাসসর।